


স্মারক নং-০৫.৪৩.৭৬৭২.০০০.১৩.০০৩.২৪-২৪৬

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩০  
২৫ ফেব্রুয়ারি ২০২৪

ঃ বিজ্ঞপ্তি :

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর চেয়ারম্যান বা সদস্য পদ শূণ্য হওয়া সম্পর্কিত ৩৫ (২) উপ-ধারা (১) অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি মোসাঃ আলপনা ইয়াসমিন, উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া, পাবনা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, পাবনা জেলার সাঁথিয়া উপজেলাধীন ধোপাদহ ইউনিয়ন পরিষদের ০৭ (সাত) নম্বর ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আমিনুল ইসলাম, পিতা-মৃত খোরশেদ আলম, গ্রাম-পাঁচধোপাদহ, ডাকঘর-ধোপাদহ, উপজেলা-সাঁথিয়া, জেলা-পাবনা গত ২৩/০২/২০২৪ খ্রিঃ তারিখ রাত ১১.৩০ ঘটিকার সময় তার নিজ বাস ভবনে মৃত্যুবরণ করেছেন (ইন্সালিল্লাহি ওয়া ইন্সালিল্লাহি রাজিউন)। উল্লেখ্য যে, ধোপাদহ ইউনিয়নের মৃত সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ আমিনুল ইসলাম গত ১৩/০১/২০২২ তারিখ শপথ গ্রহণ করেছিলেন।

তার মৃত্যুজনিত কারণে সাঁথিয়া উপজেলার ধোপাদহ ইউনিয়ন পরিষদের ০৭ (সাত) নম্বর ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (১) (ঙ) ধারা অনুযায়ী ২৩ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ হতে শূণ্য ঘোষণা করলাম।

  
(মোসাঃ আলপনা ইয়াসমিন)  
উপজেলা নির্বাহী অফিসার  
সাঁথিয়া, পাবনা।


টেলিফোন : ০২-৫৮৮৮৮৮৯০১  
ই-মেইল : unosanthia@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬৭২.০০০.১৩.০০৩.২৪-২৪৬

তারিখ : ১২ ফাল্গুন ১৪৩০  
২৫ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ০১। প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৪। জেলা প্রশাসক, পাবনা।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাঁথিয়া, পাবনা।
- ০৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা। বর্ণিত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশ পূর্বক ১০ (দশ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, পাবনা।
- ০৯। উপজেলা নির্বাচন অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ১০। চেয়ারম্যান, ধোপাদহ ইউনিয়ন পরিষদ, সাঁথিয়া, পাবনা।

  
(মোসাঃ আলপনা ইয়াসমিন)  
উপজেলা নির্বাহী অফিসার  
সাঁথিয়া, পাবনা